



## এনএসইউতে ফটোগ্রাফি প্রদর্শনী

NSU Department of Architecture মেধাবী শিক্ষার্থীদের সৃজনশীলতা ও ভিজ্যুয়াল স্টোরিটেলিং প্রদর্শনের লক্ষ্যে 'পিনহোল-১' শীর্ষক ফটোগ্রাফি প্রদর্শনী আয়োজন করে। প্রদর্শনীটি ১০ থেকে ১২ ফেব্রুয়ারি পর্যন্ত ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হয়।

'ফ্রি মাইন্ড, ফ্রি ক্লিক' থিমের অধীনে এই প্রদর্শনীতে বিভিন্ন প্রেক্ষাপটের ফটোগ্রাফ উপস্থাপিত হয়- যা সময়ের বিশেষ মুহূর্ত ও দৃষ্টিভঙ্গিকে ধারণ করেছে। সামাজিক, সাংস্কৃতিক ও পরিবেশগত বিষয়াবলি ফুটিয়ে তোলার মাধ্যমে ভিজ্যুয়াল স্টোরিটেলিংয়ের শক্তি তুলে ধরা হয়। দর্শনার্থীরা উদীয়মান ফটোগ্রাফারদের চোখে বিশ্ব দেখার এক অনন্য অভিজ্ঞতা অর্জন করেন। সংবাদ বিজ্ঞপ্তি